দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৪৯/২০২৫ তারিখঃ ০৭/০৮/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর নথি নং-ডিটি/শিপ/মিটিং/কাস্টম/২০১৬/১৯৪৩, তারিখ: ২৮/০৭/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**বিষয়ঃ- চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের সাথে অনুষ্ঠিত মত বিনিময় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ঃ **রিয়ার এডমিরাল এস. এম. মনিরুজ্জামান।**<br>ওএসপি, এনডিসি, এনসিসি, পিএসসি<br>চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| স্থান | ঃ কনফারেন্স রুম, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| তারিখ | ঃ ০৩-০৭-২০২৫ ইং। |
| সময় | ঃ ১২.০০ ঘটিকা। |

১। চেয়ারম্যান, চবক মহোদয় সকলকে স্বাগতম ও অভিবাদন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, গত ২০২৪-২০২৫ অর্থ বৎসরে জুলাই অভ্যুত্থান, ফেনীর বন্যা, ট্রেইলার ধর্মঘট, কাস্টমস্ কর্মকর্তাদের কলম বিরতির ইত্যাদি কারণে প্রায় ৫৮-৬০ দিন বন্দরের কার্যক্রম বন্ধ থাকা সত্ত্বেও বিগত ৪৮ বৎসরের মধ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ রেকর্ড সংখ্যক কার্গো/কন্টেইনার হ্যান্ডলিং হয়েছে। এটি সকলের সম্মিলিত প্রচেষ্টার কারণে সম্ভব হয়েছে। কার্গো/কন্টেইনার হ্যান্ডলিংয়ের এই ধারা অব্যাহত রাখা এবং বন্দরের সক্ষমতা বৃদ্ধির জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। চট্টগ্রাম বন্দরের সক্ষমতা বৃদ্ধির পরিপূর্ণ সুফল পাওয়ার লক্ষ্যে শুল্ক বিভাগের আইনগত পরিবর্তন/সংস্কার প্রয়োজন মর্মে তিনি সভায় উল্লেখ করেন। তিনি বন্দরের সার্বিক কার্যক্রম ডিজিটাইলেশন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে উল্লেখ করে বন্দরের মাশুলাদি ব্যাংকের অনলাইন পেমেন্ট সিস্টেমে আদায়ের ব্যবস্থা গ্রহণ কার্যক্রম সহসাই চালু করা হবে মর্মেও সভাকে অবহিত করেন। তিনি পার্শ্ববর্তী এবং প্রতিবেশী দেশের সাথে সামঞ্জস্য রেখে জাহাজের Turn Around Time কমানো, ডেলিভারী প্রক্রিয়া ত্বরান্বিতকরণ, জাহাজের ভাড়া কমানো ইত্যাদির উপর গুরুত্বারোপ করেন এবং ভবিষ্যতে পোর্টের কার্যক্রম আরো Smooth করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভাপতি, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন-কে তাদের এজেন্ডা/বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। সভাপতি, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন চেয়ারম্যান, চবক মহোদয়কে অভিবাদন ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি চেয়ারম্যান, চবক মহোদয়ের কর্মচাঞ্চল্য ও কর্ম তৎপরতার ভূয়সী প্রশংসা করেন। তিনি আরো বলেন, চট্টগ্রাম বন্দরে যে গতিতে কর্ম সম্পাদন হয় সে তুলনায় চট্টগ্রাম কাস্টমস্ হাউসের কর্মসম্পাদনের গতি আশাব্যঞ্জক নয়। তিনি বলেন, কাস্টমস্ এজেন্টগণ বন্দরের অন্যতম প্রধান স্টেকহোল্ডার। প্রায় ৮০% কাজ কাস্টমস্ এজেন্টগণ সম্পাদন করেন। তবে বর্তমানে বন্দর সম্পর্কিত কিছু সমস্যার সম্মুখীন হওয়ার কারণে ডেলিভারী কার্যক্রমে কিছুটা ব্যাঘাত ঘটছে। চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন এর পক্ষ হতে এজেন্ডা পর্যায়ক্রমে উপস্থাপন করা হলে উত্থাপিত সমস্যা/বিষয়সমূহ সমাধান/নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, চবক মহোদয়ের নিকট অনুরোধ জানান।

৩। চেয়ারম্যান, চবক মহোদয় চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন এর পক্ষ হতে উপস্থাপিত বিষয়সমূহ সমাধানে/নিষ্পত্তি করার লক্ষ্যে বিস্তারিত দিক নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা |
|---|---|---|---|
| ৩.১। | এনসিটি এলাকায় কন্টেইনার হ্যান্ডলিং এর জন্য অপারেটর পরিবর্তিত হওয়ার প্রেক্ষাপটে পণ্য খালাস কার্যক্রমে কোন সমস্যা হবে কিনা এ বিষয়ে সবাই উদগ্রীব। এছাড়া এনসিটিতে কন্টেইনার পণ্য খালাসে পূর্বের ন্যায় মাঝি প্রথা প্রবর্তন করা গেলে এফসিএল কন্টেইনারের পণ্য খালাসে সুবিধা হবে। | চেয়ারম্যান, চবক এ বিষয়ে জানান এনসিটিতে নতুন অপারেটর নিয়োজিত হলে কোন অসুবিধা হবে না। মাঝি প্রথা পরবর্তীতে পর্যালোচনা করে দেখা যেতে পারে। | পরিবহন বিভাগ, চবক এবং সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন |
| ৩.২। | একই বি/এল-ভুক্ত সকল কন্টেইনার একই ইয়ার্ডে ডাম্পিং না করে ভিন্ন ভিন্ন ইয়ার্ডে ডাম্পিং করার কারণে পণ্যের কায়িক পরীক্ষা ও ডেলিভারী কার্যক্রম সম্পাদনে সময়ক্ষেপন হয়। এছাড়া এলসিএল পণ্য মার্কা বা বি/এল অনুযায়ী শেডে খামাল না দেয়া এবং বর্ষায় এফসিএল পণ্য কায়িক পরীক্ষার জন্য ছাউনীযুক্ত কোন শেডে না থাকায় পণ্য বৃষ্টিতে ভিজে নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে। | আলোচ্য বিষয়ের সমস্যা সমাধানের লক্ষ্যে সংশ্লিষ্টদের নিয়ে একটি কমিটি গঠন করা হবে। | পরিবহন বিভাগ, চবক |
| ৩.৩। | পণ্য লোডিং/আনলোডিং এর সময় যত জন শ্রমিক বুকিং দেয়া হয় তার চেয়ে অনেক কম শ্রমিক সরবরাহ করা হয়। ইক্যুইপমেন্ট অপারেটর ও শ্রমিক কর্তৃক রাত্রিবেলায় ডেলিভারীর সময় অযৌক্তিকভাবে বকশিস দাবী করা হয়। এছাড়া ইক্যুইপমেন্ট অপারেটরদের ডিউটি শিফট পরিবর্তনের সময় Hot Seat Transfer হওয়ার সিদ্ধান্ত থাকলেও তা যথাযথভাবে | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক-কে পরিবহন বিভাগ হতে পত্র প্রেরণ করা হবে। | প্রধান প্রকৌশলী, চবক |

| | | | |
|---|---|---|---|
| | পরিপালন করা হয় না। ফলে পণ্য ডেলিভারী কার্যক্রমে বিঘ্ন ঘটে। এক্ষেত্রে ইক্যুইপমেন্ট অপারেটরদের ডিউটি শিফট পরিবর্তনের সময় Hot Seat Transfer হওয়ার সিদ্ধান্ত কার্যকর করার প্রস্তাব করা হয়। | | |
| ৩.৪। | শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরোয়ার্ডার কর্তৃক ডেলিভারী অর্ডার ইস্যুকালে অযৌক্তিকভাবে নিয়ম বহির্ভূত চার্জ আদায় করা। এছাড়া এলসিএল পণ্যের ক্ষেত্রে সকল পণ্য ইয়ার্ডে না নামা পর্যন্ত ফ্রেইট ফরোয়ার্ডার কর্তৃক ডিও ইস্যু করা হয় না। ফলে বিলম্বে পণ্য ডেলিভারীর কারণে রপ্তানি পণ্যের উৎপাদন ব্যাহত হয়। | যৌক্তিকভাবে প্রযোজ্য চার্জ আদায় করতঃ যথাসময়ে ডিও ইস্যুর ব্যাপারে বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন এবং বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পত্র দেয়া হবে। | বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন এবং বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা) |
| ৩.৫। | কন্টেইনার অন-চেসিস ডেলিভারীর ক্ষেত্রে ট্রেইলারের জন্য পৃথক অনুমতি নিতে হয়। এছাড়া কন্টেইনার ডেলিভারীর জন্য ইনডেন্ট দেয়ার পর বন্দর বা কাস্টমস্ এর কারণে ডেলিভারী নেয়া সম্ভব না হলে এর উপর ডিটেনশন চার্জ আরোপ করা হয়। | আলোচ্য বিষয়টি যাচাই করে পরিচালক (নিরাপত্তা), চবক হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক (নিরাপত্তা), চবক |
| ৩.৬। | অফডকগামী পণ্যের একই বি/এল-ভুক্ত সকল কন্টেইনার বন্দর থেকে যথাসময়ে অফডকে স্থানান্তর করা না হলে বি/এল-ভুক্ত শেষ কন্টেইনার অফডকে স্থানান্তরের পরে ফ্রি টাইম গণনা না করে অযৌক্তিকভাবে ডেমারেজ চার্জ আদায় করা হচ্ছে। | একই বি/এল-ভুক্ত সকল কন্টেইনার বন্দর থেকে যথাসময়ে অফডকে স্থানান্তরের বিষয়টি টার্মিনাল ম্যানেজার, চবক নিশ্চিত করবেন। এ বিষয়ে অফডক সমূহের সাথে সমন্বয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | টার্মিনাল ম্যানেজার, চবক |
| ৩.৭। | বন্দর অভ্যন্তর হতে কন্টেইনার সীল ভেঙ্গে পণ্য চুরি, বন্দর অভ্যন্তরে কর্মরতদের নিরাপদ | পরিচালক (নিরাপত্তা), চবক বন্দরের অভ্যন্তরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (নিরাপত্তা), চবক |

| | | | |
|---|---|---|---|
| | চলাচল নিশ্চিত করার লক্ষ্যে বন্দরের নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করার জন্য সুপারিশ করেন। | | |
| ৩.৮। | বন্দর অস্থায়ী গেইট পাশ ইস্যু সহজীকরণ, গেইট সমূহের বাহিরে অপেক্ষমান ট্রাক/কাভার্ড ভ্যানের দীর্ঘ সারির জন্য রাস্তায় যানজটের সৃষ্টি এবং সিএন্ডএফ প্রতিষ্ঠানের গঠনগত পরিবর্তন কাস্টমস্ কর্তৃক অনুমোদনের পর বন্দরে তালিকাভুক্ত না করা ইত্যাদি সমস্যাসমূহ সমাধানের সুপারিশ করেন। | পরিচালক (নিরাপত্তা), চবক বন্দর অস্থায়ী গেইট পাশ ইস্যু ও গেইটের বাহিরে অপেক্ষমান ট্রাক/কাভার্ড ভ্যানের দীর্ঘ যানজট নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (নিরাপত্তা), চবক |

৪। চেয়ারম্যান, চবক মহোদয় বন্দরের অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে ও নিরাপদে পরিচালনায় চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন এর পক্ষ হতে সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-ডিটি/শিপ/মিটিং/কাস্টম/২০১৬/১২৪৩

তারিখ-২৮-০৭-২০২৫ ইং।